

এসএসসির খাতা পুনর্নিরীক্ষণ

# কুমিল্লা বোর্ডে ৮৪৪ জনের ফল পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা  
১১ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদের সময়**



এবারের এসএসসি পরীক্ষার কুমিল্লা শিক্ষা বোর্ডের খাতা পুনর্নিরীক্ষণের ফল গতকাল রবিবার সকালে প্রকাশিত হয়েছে। এতে ৮৪৪ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ১৯০ জন। জিপিএ-৫ বেড়েছে ৬৭ জনের। আগে জিপিএ-৫ পাওয়াদের বিষয়ভিত্তিক গ্রেড পরিবর্তন হয়েছে ৯১ জনের। ফেল করা ৫৭ জনের ফেলই রয়ে গেছে। বোর্ডেও উপপরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) মো. কবির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক রুনা নাছরীন বলেন, ১০ জুলাই কুমিল্লা শিক্ষা বোর্ডসহ সব বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হয়। এর পর ১১ জুলাই থেকে পুনর্নিরীক্ষণ শুরু হয়েছে। অনলাইনে ১৭ জুলাই পর্যন্ত আবেদন করেছেন ৩৫ হাজার ৫৩১ জন। প্রতি পত্রের ফি ছিল ১৫০ টাকা করে। প্রতি বিষয় ফি ১৫০ টাকা। মোট ৭৫ হাজার ৮৭৭টি পাতা পুনর্নিরীক্ষণের আবেদন জমা পড়ে। এ বছর কুমিল্লা বোর্ডে এসএসসি পরীক্ষা দেয় ১ লাখ ৬৭ হাজার ৫৭২ জন। পাসের হার ছিল ৬৩ দশমিক ৬০। এখন পুনর্নিরীক্ষণে পাসের হার বেড়েছে। জিপিএ-৫ পেয়েছিল ৯ হাজার ৯০২ জন। এখন বেড়েছে আরও ৬৭টি।